



গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
চৌগাছা, যশোর।
ই-মেল নং- chowgacha@uhfpo.dghs.gov.bd

*** স্থায়ী কমিটির মাসিক সভার কার্য বিবরণী।

- সভাপতিঃ নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।
- তারিখঃ- ২৬/০৫/২০২২
- স্থানঃ- সভাকক্ষ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চৌগাছা, যশোর।

আলোচ্য বিষয় সমূহঃ

- ১। চিকিৎসা সেবার মান উন্নয়ন।
- ২। পরিষ্কার পরিচ্ছন্নতা।
- ৩। রোগীদের ডায়রিয়া ওয়ার্ড স্থাপন সম্পর্কে আলোচনা।
- ৪। কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে আলোচনা।
- ৫। আউট সোসিং স্টাফ।
- ৬। বিবিধ সমূহ।

উপস্থিত সদস্যদের নামের তালিকাঃ-

ক্রমিক নং	নাম	পদবী
১।	নাজনীন নাহার (পপি), মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা-যশোর।	সভাপতি
২।	মোঃ আবুল কাশেম, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, চৌগাছা-যশোর।	সদস্য
৩।	ডাঃ তন্মী বিশ্বাস, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর। (ভারপ্রাপ্ত)	সদস্য
৪।	মোছাঃ উম্মে সালমা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য
৫।	ফেরদৌসী খাতুন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চৌগাছা-যশোর।	সদস্য
৬।	ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চৌগাছা-যশোর।	সদস্য-সচিব

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেনঃ-

বিষয়	আলোচ্য ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১) মানসম্মত সেবাদান	সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন বর্তমান সরকার হাসপাতালে ৪৫ প্রকার ঔষধ বিনা মূল্যে প্রদান করছে। তিনি হাসপাতালে চিকিৎসার সেবার মান বৃদ্ধির লক্ষ্যে চিকিৎসক সহ অন্যান্য কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদানের স্বচ্ছতা, আন্তরিকতা এবং রোগীদের সাথে ভালো আচরণের জন্য অনুরোধ করেন। UHFPO ডাঃ মোছাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য চিকিৎসক হাসপাতালে চিকিৎসার সেবার মান বৃদ্ধির লক্ষ্যে প্রতিশ্রুতি দেন।	সভাপতি

স্বা-স্বা

বাস্তবায়

<p>(২) পরিষ্কার পরিচ্ছন্নতা।</p>	<p>সদস্য সচিব হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন বর্তমানে হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। হাসপাতালের সকল স্তরের জঙ্গল পরিষ্কার করা হয়েছে। তবে ইওসি বিল্ডিং এর সামনে একটি গর্ত আছে যেটা ভরাট করা একান্তই প্রয়োজন। সভাপতি মহোদয় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সবাইকে সহযোগীতা করার আহবান দেন এবং তিনি নিজেও এর পদক্ষেপ নেওয়ার আশ্বাস প্রদান করেন।</p>	<p>সভাপতি</p>
<p>(৩) রোগীদেও ডায়রিয়া ওয়ার্ড স্থাপন সম্পর্কে আলোচনা</p>	<p>সভার সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অত্র স্বাস্থ্য কমপ্লেক্স ডায়রিয়া আক্রান্ত সব বয়সের রোগীদের থাকার জন্য আলাদা কোন ওয়ার্ডের ব্যবস্থা নাই। ফলে ডায়রিয়া আক্রান্ত সব বয়সের রোগীদের হাসপাতালের বারান্দায় রাখতে হয়। সেই কারণে শীতও বর্ষা কালেদূর্যোগ পূন্য আবহাওয়া রোগীদের চরম কষ্টের স্বীকার হতে হয়। এই অবস্থায় পরিদ্রানের জন্য একটি আলাদা ডায়রিয়া ওয়ার্ড নির্মাণের বিশেষ প্রয়োজন। সভাপতি মহোদয় HED কে দৃষ্টি গোচরের জন্য নির্দেশনা প্রদান করেন। বিষয়টি সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।</p>	<p>সভাপতি</p>
<p>(৪) কোভিড-১৯ সচেতনতা সম্পর্কে</p>	<p>সভাপতি মহোদয় সভা চলা কালীন সময়ে UHFPO ডাঃ মোহাঃ লুৎফুন্নাহার ও অন্যান্য ডাক্তারদের উদ্দেশ্যে বলেন আমরা অনেক চেস্টার মাধ্যমে কোভিড-১৯ ভ্যাক্সিন পেয়েছি। স্টেফ বাই স্টেফ সবাইকে এই ভ্যাক্সিন দিতে হবে তাই অবিলম্বে জনগনের মধ্যে প্রচার ও মাইকিং করতে হবে। UHFPO বলেন আমাদের মধ্যে কোন প্রকার ত্রুটি থাকবে না ইতি মধ্যেই প্রায়ভাগ ১ম ডোজ এবং ২য় ডোজ সম্পন্ন হয়েছে এখন বোম্বার ডোজ শুরু হয়েছে। আমরা প্রতিটি মানুষের দোর গোয়াড়ে বাড়িতে বাড়িতে গিয়ে ৩টি ডোজ সম্পন্ন করার লক্ষ্যে কাজ করছি।</p>	<p>সভাপতি</p>
<p>(৫) আউট সোসিং স্টাফ</p>	<p>সদস্য সচিব সভাপতি মহোদয় কে দৃষ্টি আকর্ষণ করে বলেন চৌগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাংলাদেশের মধ্যে একটি মডেল হাসপাতাল এবং পার্শ্ববর্তী ৪টি উপজেলার জনগন এই হাসপাতাল থেকে সেবা নিতে আসে অত্র হাসপাতালটি ৪টি উপজেলার কেন্দ্র বিন্দুতে অবস্থিত এবং চৌগাছা হাসপাতালের সাথে সকল উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই ভাল। যার কারণে রোগীর চাপ অনেক বেশি যদি কোন ভাবেই কিছু আউট সোসিং স্টাফ নিয়োগ দেওয়া সম্ভব হতো তাহলে রোগীদে সেবার মান আরো ভাল হতো। সভাপতি মহোদয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন</p>	<p>সভাপতি</p>
<p>(৬) বিবিধ সমুহ</p>	<p>সভাপতি মহোদয় স্থায়ী কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপস্থিত সকলের উদ্দেশ্য বলেন যে, চৌগাছা মডেল উপজেলা হাসপাতালের সুনাম ধরে রাখার জন্য হাসপাতালের কর্মরত কর্মকর্তা কর্মচারিকে আন্তরিক ভাবে ধৈর্য ধারণ করে সেবার কাজ চালিয়ে যেতে হবে। পিতা, মাতা অসুস্থ হলে যে দৃষ্টিতে দেখা হয় ঠিক তেমনি রোগীকে দেখতে হবে এবং সবাই কে শৃংখলা মেনে চলতে হবে। হাসপাতালে কোন অপ্রত্যাশিত ঘটনা না ঘটে তার জন্য চৌগাছা বাসিকে সার্বিক সহযোগীতা প্রদানের লক্ষ্যে কাজ করে যেতে হবে।</p>	<p>সভাপতি</p>

*** পরিশেষে বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবার মান উন্নয়নের জন্য আরো আন্তরিক ভাবে তৎপর থাকার আহবান জানিয়ে এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

“ সভাপতি ”